

# বিশ্ব চিন্তাধারার সঙ্গে শিক্ষকের পরিচয় থাকা দরকার : শাহ আজিজ

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান গতকল বলেন, শিক্ষক সম্প্রদায়কে অবশ্যই সমকালীন বিশ্ব চিন্তা-ধারা সম্পর্কে সম্যক অবহিত থাকতে হবে।

প্রধানমন্ত্রী বিইইআইআই মিলনায়তনে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে জাতীয় শিক্ষা প্রশাসন, ব্যবস্থাপনা ও গবেষণা ইনস্টিটিউট আয়োজিত শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সম্পর্কিত সম্মেলনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণকারীদের মধ্যে সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

শাহ আজিজ বলেন, দ্বিতীয় পাঁচসাল পরিচালনায় শিক্ষার বিষয়

বস্তুর পুনর্বিদ্যায় ও প্রশাসন পদ্ধতির মৌলিক পরিবর্তনসহ শিক্ষা সার্ভিসের ব্যাপক ভিত্তিক সম্প্রসারণের প্রস্তাব করা হয়েছে। তিনি বলেন, সাবজেনীন প্রথমিক শিক্ষা বাস্তবায়ন, নিরক্ষরতা নির্মূলকরণ, মাধ্যমিক শিক্ষায় কাজে ভিত্তিক কর্মসূচী প্রবর্তন ও প্রশাসনের বিকেন্দ্রীকরণ ইতিমধ্যেই অতি-মাত্রায় ডারেক্রান্ত প্রশাসনের ওপর এসব আরো প্রচেষ্টা চালু করা হবে। তিনি বলেন, দ্বিতীয় পরিচালনার লক্ষ্যমাত্রা অর্জন ও এর সাথে সাথে শিক্ষার মন উন্নয়নে শিক্ষা পরিচালক ও প্রশাসকের

(শেষ পৃ: ৩-এর কঃ পর)

## শাহ আজিজ

(প্রথম পৃ: পর)

সংখ্যাও উল্লেখযোগ্যভাবে বাড়ানোর প্রয়োজন হবে।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষা ব্যবস্থাপনা স্টফের জন্য বাস্তব প্রশিক্ষণের অব্যাহত কর্মসূচীর গুরুত্বের কারণে ও এ ধরনের বিপুলসংখ্যক স্টফ জড়িত থাকার কারণে প্রশিক্ষণ প্রক্রিয়ার প্রতিষ্ঠানিকীকরণ অত্যাৱশ্যক। তিনি বলেন, এ বহুল অনুভূত প্রয়োজন পূরণের উদ্দেশ্যে সরকার জাতীয় শিক্ষা প্রশাসন ব্যবস্থাপনা ও গবেষণা ইনস্টিটিউট স্থাপন করেছেন।

সিনিয়র শিক্ষা প্রশাসকদের জন্য আয়োজিত বর্তমান ট্রেনিং কোর্স অংশগ্রহণকারীদের প্রসঙ্গে প্রধানমন্ত্রী বর্তমান বিশ্বব্যবস্থা ও চাহিদার প্রয়োজন উপযোগী করতে শিক্ষা ব্যবস্থার পরিবর্তন সাধনে তাদের ট্রেনিং স্বাধিকভাবে কাজে লাগানোর জন্য তাদের প্রতি আহ্বান জানান।